



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা
আইন বিভাগ

পরিবেশ বান্ধব ব্যাংকিং করণ

ফোন : ০২২২৩-৩৮৪৪৮৭

০২৪৭১-২০৫১৬

E-mail- dgmlaw@krishibank.org.bd

নং-প্রকা/আইন-২২৬২/২০২৩-২৪/ ২২২৮

তারিখঃ ১১/০৬/২০২৪

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক নির্বাহী কমিটির ১৩৬ তম সভার সদয় সিদ্ধান্ত অনুসারে
খেলাপী ঋণ গ্রহিতাগণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


উপরোক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ২৯/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক নির্বাহী কমিটির ১৩৬ তম সভায় খেলাপী ঋণ গ্রহিতাগণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে নিম্নোক্ত সদয় সিদ্ধান্ত প্রদান করা হয়েছে :

“ব্যাংকের শ্রেণীকৃত ঋণ হ্রাস ও খেলাপী ঋণ আদায়ের স্বার্থে এবং খেলাপী ঋণ গ্রহিতাগণের মধ্যে সতর্কতামূলক বার্তা পৌছানোর লক্ষ্যে আদালতের মাধ্যমে খেলাপী ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে বিদেশ ভ্রমণসহ অন্যান্য নিষেধাজ্ঞা জারির দৃষ্টান্তমূলক পদক্ষেপ গ্রহণ করতে হবে। এতদসংক্রান্ত হালনাগাদ অগ্রগতি নির্বাহী কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।”

০৩। উপরোক্ত সদয় সিদ্ধান্ত বাস্তবায়নে আপনার কার্যালয়ের/আওতাধীন শাখা/কার্যালয় সমূহের খেলাপী মামলাধীন ঋণগ্রহিতা বাছাইপূর্বক দৃষ্টান্ত স্থাপনের লক্ষ্যে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করে তা অত্র বিভাগকে অবহিত করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ আহাদ খান)
উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৬। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৭। অফিস নথি/মহানথি।